

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২২৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২৫]

১৩। যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৬. ক্রীতদাস তার মনিবের সম্পদ হতে যে পরিমাণ সম্পদ ব্যয় করতে পারবে

باب مَا أَنْفَقَ الْعَبْدُ مِنْ مَالٍ مَوْلاَهُ

আরবী

وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا حَاتِمٌ، _ يَعْنِي ابْنَ إِسْمَاعِيلَ _ عَنْ يَزِيدَ، _ يَعْنِي ابْنَ إِسْمَاعِيلَ _ عَنْ يَزِيدَ، _ يَعْنِي ابْنَ أَبِي عُبَيْدٍ _ قَالَ سَمِعْتُ عُمَيْرًا، مَوْلَى آبِي اللَّحْمِ قَالَ أَمْرَنِي مَوْلاَى أَنْ أُقَدِّدَ، لَحْمًا فَجَاءَنِي مِسْكِينٌ فَأَطْعَمْتُهُ مِنْهُ فَعَلِمَ بِذَلِكَ مَوْلاَى فَضَرَبَنِي فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَدَعَاهُ. فَقَالَ " لِمَ ضَرَبْتَهُ ". فَقَالَ يُعْطِي طَعَامِي بِغَيْرِ أَنْ أَمُرَهُ . فَقَالَ " لِمَ ضَرَبْتَهُ ". فَقَالَ يُعْطِي طَعَامِي بِغَيْرِ أَنْ آمُرَهُ . فَقَالَ " الأَجْرُ بَيْنَكُمَا " .

বাংলা

২২৫৯-(৮৩/...) কুতায়বাহ ইবনু সাঈদ (রহঃ) ... আবূ লাহম (রাযিঃ) এর মুক্ত গোলাম উমায়র (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার মালিক আমাকে মাংস শুকানোর জন্য নির্দেশ দিলেন। আমার কাছে জনৈক মিসকীন আসলো। আমি তাকে এ থেকে খাওয়ার জন্য দিলাম। এটা টের পেয়ে আমার মালিক আমাকে মারধর করলেন। আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে তাকে ব্যাপারটি জানালাম। তিনি তাকে ডেকে এনে বললেন, তুমি একে মারলে কেন? আমার মালিক বলেন, আমার খাদ্যদ্রব্য আমার অনুমতি ছাড়াই সে দান করে। তিনি বলেন, তোমরা দু'জনেই এর সমান সাওয়াব পাবে। (ইসলামিক ফাউন্ডেশন ২২৩৮, ইসলামীক সেন্টার ২২৩৯)

English

'Umair, the freed slave of Abi'l-Lahm, said:

My master commanded me to cut some meat in strips; (as I was doing it) a poor man came to me and I gave him some of it to eat. My master came to know of that, and he beat me. I came to the Messenger of Allah (ﷺ) and narrated it to him. He (the Holy Prophet) summoned him and said: Why did you beat him? He (Abi'l-Lahm) said: He gives away my food without being



commanded to do so. Upon this he (the Holy Prophet) said: The reward would be shared by you two.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন